

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.pmeat.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

নং-৩২.০০.০০০০.০২৮.২৩.০২২.২০-১৫৬

তারিখঃ ২৭ মে, ২০২১

বিষয়ঃ 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' এর জন্য আবেদন প্রেরণের সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের গত ২০-০৯-২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০২.১৭.৫২২ সংখ্যক স্মারকমূলে ৮ আগস্ট বঙ্গমাতার জন্ম দিবসকে 'ক' শ্রেণীভুক্ত জাতীয় দিবস হিসেবে ঘোষণা করে পরিপত্র জারি করা হয়। বঙ্গমাতার অবদানকে চিরস্মরণীয় করার লক্ষ্যে বিভিন্ন ক্ষেত্রে নারীদের অবদানকে স্বীকৃতি প্রদানের জন্য সরকার 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক' প্রবর্তন করেছে। রাজনীতি, অর্থনীতি, শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া, সমাজসেবা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, গবেষণা এবং কৃষি ও পল্লিউন্নয়ন এ বিশেষ অবদানের জন্য রাষ্ট্রের সর্বোচ্চ স্বীকৃতিস্বরূপ ০৫ (পাঁচ) জন নারীকে এ পদক প্রদান করা হবে।

২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহবান করা হয়েছে। 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' নীতিমালা এবং আবেদনপত্রের 'ছক' মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mowca.gov.bd) এবং জাতীয় মহিলা সংস্থার ওয়েবসাইট (www.jms.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত লক্ষ্যে 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' নীতিমালা মোতাবেক উল্লেখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী নারীদের পদক প্রাপ্তির ক্ষেত্রে উল্লেখ পূর্বক আবেদন প্রেরণের সময় ছিল ৩১ মে, ২০২১ তারিখ পর্যন্ত। এখন 'বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক-২০২১' এর আবেদন প্রেরণের সময় আগামী ৭ জুন, ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। এক্ষেত্রে, নির্ধারিত 'ছক' অনুযায়ী আবেদনের সফট কপি ই-মেইলে (sasadm2@gmail.com) এবং ডাকযোগে/সরাসরি ০২ (দুই) সেট হার্ডকপি সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

তানজিনা ইসলাম
উপসচিব

ফোনঃ ০২-৯৫৬৭৪১৭

ই-মেইল: (sasadm2@gmail.com)

(বিস্তারিত তথ্যের জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের শিক্ষা ও বৃত্তি শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/৮৮৭

তারিখঃ ০৩-০৬-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) শেকুবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকুবি (বিজ্ঞপ্তি শেকুবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকুবি (বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)।
- ৫। পি.এস.টু ভিসি(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৬। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার(ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৭। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা।
- ৮। অফিস কপি।

(আলম তাজ বেগম)

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)
শেকুবি, ঢাকা-১২০৭।